যায়যায়দিন

তারিখ .... 4 JUL 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট সংযোগ

যাযাদি রিপোর্ট

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেছেন, সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট সংযোগ ও লাইব্রেরিগুলোকে ডিজিটাল পর্যায়ে উন্নীত করা হবে। এছাড়া গবেষণা-প্রশিক্ষণ খাতে প্রাতিষ্ঠানিকভাবে কোনো প্রকল্পের জন্য সর্বোচ্চ সাত কোটি এবং সর্বনিম্ন ২১ লাখ টাকা প্রদান করা হবে। মঙ্গলবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে 'একাডেমিক ইনোভেশন ফান্ড (এআইএফ)' শীর্ষক দুদিনব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

উদ্বোধনী বক্তব্যে প্রফেসর নজরুল ইসলাম বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়নের জন্য দেশে এই প্রথমবারের মতো কোনো প্রকল্প গ্রহণ করা হলো। প্রকল্পগুলো প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচন করা হবে। তিনি আরো জানান, ধাপে ধাপে দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোকেও এ প্রকল্পের আওতায় আনা হবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন কমিশনের সদস্য প্রফেসর ড. মো. তাজুল ইসলাম, বিশ্বব্যাংক কনসালট্যান্ট আসাদুর রহমান, উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প পরিচালক রুকনুদ্দীন আহমদ। এছাড়া অনুষ্ঠানে কমিশনের সদস্য প্রফেসর ড. এহসানুল হক, প্রফেসর ড. মো. আবদুল হাকিম, প্রফেসর ড. আমেনা বেগম ও প্রফেসর ড. ভুর্তফুল হাই শিবলীসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। দেশের ২৮টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডিন ও ডিরেক্টরসহ (প্ল্যানিং ও ডেভেলপমেন্ট) প্রায় ৮৪ জন কর্মশালায় অংশ নেন।

১৪ মে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প উদ্বোধন করেন।